

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
ইইএফ ইউনিট

ইইএফ সার্কুলার নং-২২

তারিখঃ ২৫/০৯/২০০৬ইং

সকল তফসিলী ব্যাংক
ও
সকল আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়গণ,

**একুইটি এন্ড অন্ট্যাপ্র্যান্যারশীপ ফান্ড - প্রকল্পব্যয় পুনঃনির্ধারনের
প্রেক্ষিতে দলিলাদিতে সংশোধনী আনয়ন প্রসংগে ।**

উপরোক্ত বিষয়ে ইইএফ সার্কুলার নং-৬ তারিখ-২৪/০৬/২০০২ এবং পরবর্তীতে ২৯/৭/২০০৩ তারিখের
ইসূক্ত ইইএফ সার্কুলার নং-১৩ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

উক্ত ৬নং সার্কুলারের ০৬.৪ নং অনুচ্ছেদ মোতাবেক প্রকল্পে উদ্যোক্তার সমমূলধনের পরিপূর্ণ ব্যবহার নিশ্চিত
করে ইইএফ সহায়তার অর্থ প্রকল্পে বিনিয়োগের জন্য ছাড় করতে হবে ।

ইইএফ সহায়তাপ্রাপ্ত প্রকল্পসমূহের বিনিয়োগ যাচাইয়ের উদ্দেশ্যে সরেজমিনে পরিদর্শনের অভিজ্ঞতার আলোকে
লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন প্রকল্পের প্রধান প্রধান স্থায়ী ব্যয়সহ বিনিয়োগের অপরাপর খাতসমূহ উদ্যোক্তা
কর্তৃক অতিমূল্যায়িত হয়েছে । সেসব ক্ষেত্রে প্রকল্পের কতিপয় ব্যয় খাত যেমন-জমির মূল্য, পূর্তকর্ম ও
মেশিনারীজের প্রাক্কলিত মূল্য অপেক্ষা প্রকৃত মূল্য বাস্তবতার নিরীখে কম বিবেচিত হলে ব্যয় খাত বাস্তবানুগ
(Realistic) ভাবে পুনঃমূল্যায়ন করে সামগ্রিকভাবে প্রকল্প ব্যয় পুনঃনির্ধারণ করার প্রয়োজন হয় । এরূপ ক্ষেত্রে
প্রকল্প ব্যয় পুনঃনির্ধারণকে অতি মূল্যায়িত প্রকল্পের সংশোধিত/প্রকৃত মূল্যায়ন হিসেবে বিবেচনা করা হচ্ছে ।

উপরোক্ত অবস্থার প্রেক্ষিতে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, বাস্তবতার নিরীখে প্রকল্পের বিভিন্ন ব্যয় খাত
পুনঃমূল্যায়ন করে ইইএফ ইউনিট প্রকল্পের ব্যয় পুনঃনির্ধারণ করতে পারবে । ইতোমধ্যে যে সমস্ত প্রকল্পের ব্যয়
সংশোধিত/পুনঃনির্ধারণ করা হয়েছে সেগুলো যথাযথ পদ্ধতি অনুসরণপূর্বক ভূতাপেক্ষভাবে করা হয়েছে (with
retrospective effect) বলে বিবেচিত হবে । এরূপ প্রকল্পসমূহের সংশ্লিষ্ট দলিলাদিতে যথা-Investment
Agreement, Return of Allotment, Share Certificate ইত্যাদিতে সংশোধিত/পুনঃনির্ধারিত প্রকল্প ব্যয়ের
ভিত্তিতে প্রয়োজনীয় সংশোধনী আনয়ন করে অত্র ইউনিটকে অবিলম্বে অবহিত করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে ।

এই নির্দেশ অবিলম্বে কার্যকর বলে গণ্য হবে ।

আপনাদের বিশ্বস্ত,

(এ, টি, এম, ফজলে রব)
উপ-মহাব্যবস্থাপক
ফোন : ৭১৬৩৬৫০